# সংবাদ বিজ্ঞপ্তি

**বাংলাদেশ ইউরোপীয় ইউনিয়ন থেকে ৬৯০ মিলিয়ন ইউরো অনুদান সহায়তা পাবে**

আজ, ২৬ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি-২ সম্মেলন কক্ষে বাংলাদেশ সরকার এবং ইউরোপীয় কমিশনের মধ্যে উন্নয়ন সহায়তা সংক্রান্ত Multi-Annual Indicative Programme (MIP) 2014-2020- এর ঘোষণাপত্র স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং ইউরোপীয় ইউনিয়নের পক্ষে ঢাকাস্থ মান্যবর রাষ্ট্রদূত ও ডেলিগেশন প্রধান Mr. Pierre MAYADON ঘোষণাপত্র স্বাক্ষর করেন।

বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়ন ডেলিগেশনের প্রধান কাজ হল- ইউরোপীয় কমিশন ও বাংলাদেশের মধ্যে অর্থনৈতিক উন্নয়ন, বাণিজ্য, বিনিয়োগ, সুশাসন এবং সংস্কৃতির ক্ষেত্রে সম্পর্ক দৃঢ় করা। এরই অংশ হিসেবে আগামী ২০১৪-২০২০ মেয়াদে ইউরোপীয় ইউনিয়ন তাদের Multi-Annual Indicative Programme (MIP) 2014-2020-এর আওতায় বাংলাদেশকে সর্বোচ্চ ৬৯০ মিলিয়ন ইউরো (প্রায় ৬,০০৩ কোটি টাকা) অনুদান হিসেবে প্রদান করবে। এই অর্থ বাংলাদেশের গণতান্ত্রিক সুশাসন ব্যবস্থা (১০৩-১৩৮ মিলিয়ন ইউরো), খাদ্য ও পুষ্টি নিরাপত্তা (২৭৬-৩১০ মিলিয়ন ইউরো), শিক্ষা ও দক্ষতা উন্নয়ন (২৭৬-৩১০ মিলিয়ন ইউরো), খাতে ব্যবহার করা হবে।

১৯৭৩ সালে বাংলাদেশের সাথে ইউরোপীয় ইউনিয়নের সম্পর্ক প্রতিষ্ঠিত হয়। ১৯৭৬ সালে বাংলাদেশ সরকার ও ইউরোপীয় কমিশনের মধ্যে সম্পাদিত একটি বাণিজ্য সহায়তা চুক্তির মাধ্যমে বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের প্রকল্প সহায়তার সূত্রপাত হয়। পরবর্তীতে ১৯৮৪ সালে Framework Agreement এবং ২০০০ সালে Co-operation Agreement স্বাক্ষরের মাধ্যমে উভয়ের মধ্যে সম্পর্ক আরও সুদৃঢ় হয়।

ঘোষণাপত্র স্বাক্ষরের পর উভয় পক্ষ আশাবাদ ব্যক্ত করে যে, Multi-Annual Indicative Programme (MIP) 2014-2020-এর মাধ্যমে বাংলাদেশের জনগণের খাদ্য নিরাপত্তা ও পুষ্টি, শিক্ষা ও দক্ষতার উন্নয়নসহ গণতান্ত্রিক সুশাসন ব্যবস্থার ক্ষেত্র আরও প্রসারিত হবে।